

## নতুন কর্মসংস্থানোত্তর প্রশিক্ষণ প্রস্তাব আহ্বান

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন Enhancing Digital Government and Economy (EDGE) প্রকল্পের আওতায় তথ্যপ্রযুক্তির বিকাশমান খাত যেমন- আইওটি (IoT), বিগডাটা, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI), ব্লকচেইন, ডাটা অ্যানালিটিক্স, মেডিক্যাল ক্লাইব, অগমেটেড রিয়েলিটি (AR), ভার্চুয়াল রিয়েলিটি (VR), মেশিন লার্নিং, ডিপ লার্নিং, ক্লাউড কম্পিউটিং, ক্লাউড আর্কিটেকচার, ভেরি লার্জ স্কেল ইন্টিগ্রেশন (VLSI), সাইবার সিকিউরিটি, ভিএফএক্স, ফিনটেক প্রভৃতি বিষয়সহ বিকাশমান প্রযুক্তির অন্যান্য খাতে দক্ষ মানবসম্পদ তৈরি ও নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন আইটি-আইটিইএস প্রতিষ্ঠানের কাছ থেকে কমপক্ষে ২০ জনের নতুন কর্মসংস্থানোত্তর প্রশিক্ষণের প্রাথমিক প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

ক) প্রাথমিক প্রস্তাবে যে সকল বিষয়ের বিস্তারিত উল্লেখ থাকতে হবে-

- ১। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মালিকানা তথ্য;
- ২। কোন বিষয়ে নতুন জনবল নিয়োগ করা হবে তার সংক্ষিপ্ত বর্ণনা;
- ৩। প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত বিবরণ;
- ৪। প্রতিষ্ঠানের মানবসম্পদ, রাজস্ব, দেশ-বিদেশে বিনিয়োগ ও প্রবৃদ্ধি পরিকল্পনা;
- ৫। নিবন্ধনপত্র, TIN, BIN ও ট্রেড লাইসেন্স এর অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৬। নতুন সৃষ্টিযোগ্য কর্মসংস্থানের সংখ্যা;
- ৭। অ্যাসোসিয়েশনের সদস্যপদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ) উক্ত প্রাথমিক প্রস্তাব (৩ কপি) আগামী ২৬ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে অফিস সময় (সকাল ৯টা হতে বিকাল ৪টা) পরিচালক, তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণ করতে হবে।

গ) প্রাথমিক প্রস্তাব যাচাই-বাছাই শেষে শুধু সংক্ষিপ্ত তালিকাভুক্ত কোম্পানিসমূহের কাছে বিস্তারিত প্রস্তাব চাওয়া হবে।

ঘ) প্রশিক্ষণের আংশিক খরচ EDGE প্রকল্প হতে বহন করা হবে।

ঙ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো প্রস্তাব গ্রহণ অথবা বাতিল করতে পারেন।

চ) বিস্তারিত তথ্যের প্রয়োজনে hireandtrain@iit.du.ac.bd ঠিকানায় অথবা ০১৭১৬৭৭০৭১৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(ড. মোহাম্মদ শফিউল আলম খান)

পরিচালক

তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়